

কেনোপনিষৎ

মূল মন্ত্র এবং সরল অনুবাদ সম্বন্ধিত

অনুবাদ এবং সম্পাদনা

নীলোৎপল সিংহ

অনুবাদকের নিবেদন

সামবেদের একখানি উৎকৃষ্ট উপনিষৎ হ'ল এই কেনোপনিষৎ। এটি তলবকার ব্রাহ্মণের একটি অধ্যায়। পরব্রহ্মের গভীর আলোচনা এবং একেশ্বরবাদ এই উপনিষদকে এক আলাদা উচ্চতা দিয়েছে।

এই গ্রন্থের মূল মন্ত্রকে বাংলায় রূপান্তর করতে গিয়ে প্রবল বাধার সম্মুখীন হতে হয়েছে। বাংলায় লুপ্ত 'অ'-এর ব্যবহার না থাকায় আধুনিক টাইপ সেটিংয়ে লুপ্ত 'অ'-এর ব্যবহার নেই। এই সমস্যার সমাধানের জন্য এখানে 'হ্'-কে লুপ্ত 'অ'-কার হিসাবে ব্যবহার করা হয়েছে। এই বিষয়ে পাঠকের সহায়তা একান্তভাবে কাম্য।

বিনীত
নীলোৎপল সিন্হা

১

অথ প্রথমঃ খণ্ডঃ

ঔ কেনেযিতং পততি প্রেযিতং মনঃ কেন প্রাণঃ প্রথমঃ
প্রৈতি যুক্তঃ।
কেনেযিতাং বাচমিমাং বদন্তি চক্ষুঃ শ্রোত্রং ক উ দেবো
যুনক্তি ॥ ১ ॥

অনুবাদ। (শিষ্য) কারদ্বারা প্রেরিত হয়ে মন ইষ্ট বস্তুর দিকে ধাবিত হয়? কারদ্বারা নিযুক্ত হয়ে প্রথম প্রাণ অগ্রসর হয়? কার ইচ্ছায় এই বাক্য লোকে উচ্চারণ করে? কোন দেবতা চক্ষু ও কর্ণকে স্ব-স্ব কাজে নিযুক্ত করেন?

শ্রোত্রস্য শ্রোত্রং মনসো মনো যদ্ বাচো হ বাচং স উ
প্রাণস্য প্রাণঃ।
চক্ষুষশ্চক্ষুরতিমূচ্য ধীরাঃ প্রেত্যাস্মাল্লোকাদমূতা ভবন্তি

॥ ২ ॥

অনুবাদ। (আচার্য) তিনি শ্রোত্রের শ্রোত্র, মনের মন, বাক্যের বাক্য, প্রাণের প্রাণ, চক্ষুর চক্ষু। তাঁকে এইরূপ জানতে পারলে ধীরগণ বিষয় অভিলাষ ত্যাগ করে ইহলোক ত্যাগের পর অমরত্ব লাভ করেন।

ন তত্র চক্ষুর্গচ্ছতি ন বাগ্নচ্ছনি নো মনঃ।
ন বিদ্মো ন বিজানীমো যথৈতদনুশিষ্যাৎ ॥ ৩ ॥

অনুবাদ। চক্ষু তাঁকে দেখতে পায় না, বাক্য তাঁকে বর্ণনা করতে পারে না, মন তাঁকে অনুভব করতে পারে না; আমরা তাঁকে জানি না; অন্যকে কিভাবে তাঁর সম্বন্ধে উপদেশ দিতে হয় তাও জানি না।

অন্যদেব তদ্বিতাদথো অবিতাদধি।
ইতি শূশ্রুম পূর্বেষাং যে নস্তদব্যচচক্ষিরে ॥ ৪ ॥

অনুবাদ। পূর্বকালের শিক্ষা (অর্থাৎ, প্রাচীন আচার্যদের দেওয়া শিক্ষা) থেকে শূন্যেই যে তিনি সকল বিদিত পদার্থ থেকে পৃথক, সকল অবিদিত পদার্থের উপরে।

যদ্বাচহ্নভ্যুদিতং যেন বাগভ্যুদ্যতে।
তদেব ব্রহ্ম ত্বং বিদ্বিধ নেদং যদিদমূপাসতে ॥ ৫ ॥

অনুবাদ। যিনি বাক্যদ্বারা প্রকাশ পান না, যাঁর সত্তায় বাক্য প্রকাশ পায়, তাঁকেই (অর্থাৎ, সেই পরমাত্মাকেই) তুমি ব্রহ্ম বলে জানবে; (আর) অন্য যা কিছু লোকে উপাসনা করে, তা ব্রহ্ম ন'য়।

যন্মনসা ন মনুতে যেনাহূর্মনো মতম্।
তদেব ব্রহ্ম ত্বং বিদ্বিধ নেদং যদিদমূপাসতে ॥ ৬ ॥

অনুবাদ। যিনি মনদ্বারা চিন্তা করেন না, পন্ডিভগণ বলেন, যাঁর সত্তায় মন চিন্তাক্রম হয়, তাঁকেই তুমি ব্রহ্ম বলে জানবে, (আর) অন্য যা কিছু লোকে উপাসনা করে, তা ব্রহ্ম ন'য়।

যচ্চক্ষুষা ন পশ্যতি যেন চক্ষুংষি পশ্যতি।
তদেব ব্রহ্ম ত্বং বিদ্বিধ নেদং যদিদমূপাসতে ॥ ৭ ॥

অনুবাদ। যিনি চক্ষুদ্বারা দর্শন করেন না, যাঁর সত্তায় চক্ষুর বিষয়সমূহ লোকে দর্শন করে, তাঁকেই তুমি ব্রহ্ম বলে জানবে; (আর) অন্য যা কিছু লোকে উপাসনা করে, তা ব্রহ্ম ন'য়।

যচ্ছোত্রেন ন শৃণোতি যেন শ্রোত্রমিদং শ্রুতম্।
তদেব ব্রহ্ম ত্বং বিদ্বিধ নেদং যদিদমূপাসতে ॥ ৮ ॥

অনুবাদ। যিনি কর্ণ দ্বারা শ্রবণ করেন না, যাঁর সত্যায় এই কর্ণ শ্রবণ করে, তাঁকেই তুমি ব্রহ্ম বলে জানবে; (আর) অন্য যা কিছু লোকে উপাসনা করে, তা ব্রহ্ম ন'য়।

যৎ প্রাণেন ন প্রাণিতি যেন প্রাণঃ প্রণীয়তে।
তদেব ব্রহ্ম ত্বং বিদ্বিধ নেদং যদিদমূপাসতে ॥ ৯ ॥

অনুবাদ। যিনি প্রাণবায়ুদ্বারা নিঃশ্বাস প্রশ্বাস করেন না, যাঁর সত্যায় প্রাণ নিঃশ্বাস প্রশ্বাস চালনে সক্ষম হয়, তাঁকেই তুমি ব্রহ্ম বলে জানবে; (আর) অন্য যা কিছু লোকে উপাসনা করে, তা ব্রহ্ম ন'য়।

॥ ইতি প্রথমঃ খণ্ডঃ ॥

২

অথ দ্বিতীয়ঃ খণ্ডঃ

যদি মন্যসে সুবেদেতি দহরমেবাপি নুনং ত্বং বেথ ব্রহ্মণো
রূপম্।

যদস্য ত্বং যদস্য দেবেশ্বথ নূ মীমাংস্যেমেব তে মন্যে
বিদিতম্ ॥ ১ ॥

অনুবাদ। যদি মনে কর ব্রহ্মকে সম্যগ্ রূপে জেনেছ, তবে নিশ্চয় তুমি এ ব্রহ্মের স্বরূপ অল্পই বুঝেছ; যদি দেবতাদের মধ্যে কাউকেও ব্রহ্মস্বরূপ বলে জান, তবুও নিশ্চয় তুমি এ ব্রহ্মের স্বরূপ অল্পই বুঝেছ। আমি মনে করি, ব্রহ্ম সর্ববিদিত হলেও তাঁর স্বরূপ লাভের জন্য তোমার এখনও বিচার প্রয়োজন।

নাহং মন্যে সুবেদেতি নো ন বেদেতি বেদ চ।

যো নস্তদ্বেদ তদ্বেদ নো ন বেদেতি বেদ চ ॥ ২ ॥

অনুবাদ। ব্রহ্মকে সম্যক্ জেনেছি, এমন মনে করি না, এবং ব্রহ্মকে জানি না এমনও মনে করি না। আমাদের মধ্যে যে এই বাক্যের তত্ত্ব জেনেছেন, তিনিই ব্রহ্মকে জেনেছেন।

যস্যামতং তস্য মতং মতং যস্য ন বেদ সঃ।

অবিজ্ঞাতং বিজানতাং বিজ্ঞাতমবিজানতাম্ ॥ ৩ ॥

অনুবাদ। যিনি ব্রহ্মকে অবিদিত মনে করেন, তাঁরই ব্রহ্মজ্ঞান হয়েছে; যিনি মনে করেন, ব্রহ্মকে সম্পূর্ণরূপে জেনেছি, তাঁর ব্রহ্মজ্ঞান হয় নি। কেন না, যাঁরা তাঁকে অবগত হয়েছেন, তাঁরা এ দৃশ্যপদার্থসমূহের কোনটিকেই ব্রহ্ম বলেন না, সুতরাং তাঁদের কাছে ব্রহ্মস্বরূপ অবিদিত এবং যাঁরা ব্রহ্মস্বরূপ অবগত ন'ন, তাঁরাই যে কোন বস্তুকে ব্রহ্ম বলে কল্পনা করেন, সুতরাং তাঁদের কাছে ব্রহ্ম বিদিত বলে বোধ হয় না।

প্রতিবোধবিদিতং মতমমৃতত্বং হি বিন্দতে।

আত্মনা বিন্দতে বীর্যং বিদ্যায়া বিন্দতেহমৃতম্ ॥ ৪ ॥

অনুবাদ। প্রত্যেক ব্যক্তির বোধস্বরূপে অবভাসমান, প্রত্যক্ষ আত্মস্বরূপই ব্রহ্ম, এইরূপ জ্ঞানই ব্রহ্মজ্ঞান। এই আত্মজ্ঞান হলেই অমৃতত্ব লাভ হয়।

ইহ চেদবেদীদথ সত্যমস্তুি ন চেদিহাবেদীন্মহতী বিনষ্টিঃ।

ভূতেষু ভূতেষু বিচিত্য ধীরাঃ প্রেত্যাঙ্গাম্লোকাদমৃত

ভবন্তি ॥ ৫ ॥

অনুবাদ। যদি কেউ এই শরীরে ব্রহ্মস্বরূপ অবগত হন, তাঁর জীবনই সত্য (সফল), যদি ব্রহ্মজ্ঞান লাভ করতে না পারেন তবে মহৎ বিনাশ। ধীরগণ সকল ভূতে ব্রহ্মব্যাপ্ত এই জ্ঞান লাভ করে ইহলোকের বিষয় থেকে উদ্ধিত হয়ে অমর হন।

॥ ইতি দ্বিতীয়ঃ খণ্ডঃ ॥

৩

অথ তৃতীয়ঃ খণ্ডঃ

ব্রহ্ম হ দেবেভ্যো বিজিগ্যে তস্য হ ব্রহ্মণো বিজয়ে দেবা
অমহীয়ন্ত

॥ ১ ॥

অনুবাদ। ব্রহ্ম দেবতাদের জন্য জয় লাভ করলেন, দেবতারা ব্রহ্মের
বিজয়েই মহিমা প্রাপ্ত হলেন।

ত ঐক্ষ্বাক্স্মাকমেবায়ং বিজয়োহ্‌স্মাকমেবায়ং মহিমেতি।
তদৈধমাং বিজঞ্জৌ তেভ্যো হ প্রাদূর্বভুব তন্ন ব্যজানত
কিমিদং যক্ষমিতি ॥ ২ ॥

অনুবাদ। কিন্তু তাঁরা মনে করলেন, এ বিজয় আমাদেরই, এ মহিমা
আমাদেরই। ব্রহ্ম তা জানলেন এবং দেবতাদের কাছে প্রকট হলেন।
তাঁরা ব্রহ্মকে জানতে পারলেন না, এ কোন যক্ষ, এইরূপ ভাবে
লাগলেন।

তেহ্‌গ্নিমব্রুবজাতবেদ এতদ্বিজানীহি কিমিদং যক্ষমিতি
তথেতি ॥ ৩ ॥

অনুবাদ। তাঁরা অগ্নিকে বললেন, হে জাতবেদা, ইনি কোন যক্ষ তা
জান। অগ্নি বললেন, তাই হবে।

তদভ্যদ্রবণ্ডমভ্য বদত্কেহসীত্যগ্নির্বা।
অহমস্মীত্যব্রবীজাতবেদা বা অহমস্মীতি ॥ ৪ ॥

অনুবাদ। অগ্নি ব্রহ্মের দিকে দ্রুতবেগে গমন করলেন, ব্রহ্ম তাঁকে জিজ্ঞাসা করলেন, তুমি কে? অগ্নি বললেন, আমি অগ্নি, আমি জাতবেদা।

তস্মিৎস্বয়ি কিং বীৰ্যমিত্যপীদং সৰ্বং দহেয়ং যদিদং
পৃথিব্যামিতি ॥ ৫ ॥

অনুবাদ। অতঃপর ব্রহ্ম জিজ্ঞাসা করলেন, তুমি কি বীৰ্য ধারণ কর? অগ্নি বললেন, পৃথিবীতে যা কিছু আছে, সে সমস্তই আমি দহন করতে পারি।

তস্মৈ তৃণং নিদধাবেতদহেতি। তদূপপ্ৰেয়ায় সৰ্বজবেন
তন্ন শশাক।
দগ্ধুং স তত এব নিববৃতে নৈতদশকং বিজ্ঞাতুং
যদেতদ্যক্ষমিতি ॥ ৬ ॥

অনুবাদ। ব্রহ্ম একটি তৃণ অগ্নির সম্মুখে রেখে বললেন, এটি দহন কর। অগ্নি সমস্ত শক্তির সঙ্গে সেই তৃণের উপর ধাবমান হলেন, কিন্তু সেটি দগ্ধ করতে পারলেন না। (অতঃপর) নিবৃত্ত হয়ে (দেবতাদের কাছে এসে অগ্নি) বললেন, এ যক্ষ কে, তা আমি জানতে পারলাম না।

অথ বায়ুমব্রুবন্ বায়বেতদ্বিজানীহি কিমেতদ্যক্ষমিতি
তথেতি ॥ ৭ ॥

অনুবাদ। পরে দেবতাগণ বায়ুকে বললেন, হে বায়ু, ইনি কোন যক্ষ তা জান। বায়ু বললেন, তাই (হবে)।

তদভ্যদ্রবণ্ডমভ্যবদত্কেহসীতি বায়ুর্বা।
অহমস্মীত্যব্রবীন্মাতরিশ্বা বা অহমস্মীতি ॥ ৮ ॥

অনুবাদ। বায়ু ব্রহ্মের দিকে দ্রুতবেগে গেলেন, ব্রহ্ম তাঁকে জিজ্ঞাসা করলেন, তুমি কে? বায়ু উত্তর দিলেন, আমি বায়ু, আমি মাতরিশ্বা।

তস্মিংস্বয়ি কিং বীৰ্যমিত্যপীদং সৰ্বমাদদীয় যদিদং
পৃথিব্যামিতি ॥ ৯ ॥

অনুবাদ। অতঃপর ব্রহ্ম জিজ্ঞাসা করলেন, তুমি কি বীৰ্য ধারণ কর?
বায়ু বললেন, পৃথিবীতে যা কিছু আছে, সে সমস্তই আমি গ্রহন করতে
পারি।

তস্মৈ তৃণং নিদধাবেতদাদৎস্বৈতি তদুপপ্ৰেয়ায় সৰ্বজবেন
তন্ন।
শশাকাদতুং স তত এব নিববৃতে নৈতদশকং বিজ্ঞাতুং
যদেতদ্যক্ষমিতি ॥ ১০ ॥

অনুবাদ। ব্রহ্ম বায়ুর সম্মুখে একটি তৃণ রেখে বললেন, এটি গ্রহন
কর। বায়ু সমস্ত শক্তির সঙ্গে সেই তৃণের উপর ধাবমান হলেন, কিন্তু
তাকে গ্রহণ করতে পারলেন না। (অতঃপর) নিবৃত্ত হয়ে (দেবতাদের কাছে
এসে বায়ু) বললেন, এ যক্ষ কে, তা আমি জানতে পারলাম না।

অথেন্দ্রমবুবন্মঘবন্নেতদ্বিজানীহি কিমেতদ্যক্ষমিতি।
তথৈতি তদভ্যদ্রবণ্ডস্মাণ্ডিরোদধে ॥ ১১ ॥

অনুবাদ। পরে দেবতাগণ ইন্দ্রকে বললেন, হে মেঘবন, ইনি কোন যক্ষ
তা জান। ইন্দ্র বললেন, তাই (হবে), এবং ইন্দ্র ব্রহ্মের দিকে দ্রুতবেগে
গেলেন; ব্রহ্ম সেখান থেকে অন্তর্হিত হলেন।

স তস্মিন্লেবাকাশে স্ত্রিয়মাজগাম বহুশোভমানামুমাং।
হৈমবতীং তাংহোবাচ কিমেতদ্যক্ষমিতি ॥ ১২ ॥

অনুবাদ। পরে ইন্দ্র আকাশে হৈমবতী উমা নাম্নী বহুশোভমানা এক
স্ত্রীর কাছে উপস্থিত হলেন। তাঁকে ইন্দ্র জিজ্ঞাসা করলেন, এ যক্ষ কে?

॥ ইতি তৃতীয়ঃ খণ্ডঃ ॥

অথ চতুর্থঃ খণ্ডঃ

সা ব্রহ্মেতি হোবাচ ব্রহ্মণো বা এতদ্বিজয়ে।
মহীয়ধমিতি ততো হৈব বিদাংকার ব্রহ্মেতি ॥ ১ ॥

অনুবাদ। তিনি উত্তর দিলেন, ইনি ব্রহ্ম। ব্রহ্মের বিজয়েই তোমার মহিমা প্রাপ্ত হয়েছে। সেই থেকে ইন্দ্র জানলেন যে ইনি ব্রহ্ম।

তস্মাদ্বা এতে দেবা
অতিরামিবান্যান্দেবান্যদগ্নির্বয়ুরিন্দ্রস্তে।
হ্যেনম্নেদিষ্ঠং পস্পর্শুস্তে হ্যেনংপ্রথমো বিদাংকার ব্রহ্মেতি

॥ ২ ॥

অনুবাদ। এবং যেহেতু অগ্নি, বায়ু এবং ইন্দ্র, ঐরাই ব্রহ্মের সন্মুখে গমন করেছিলেন এবং তাঁকে ব্রহ্ম বলে প্রথম জেনেছিলেন, অতএব তাঁরাই অন্য দেবতার থেকে উন্নততর।

তস্মাদ্বা ইন্দ্রোহ্‌তিরামিবান্যান্দেবান্স হ্যেনম্নেদিষ্ঠং।
পস্পর্শ স হ্যেনংপ্রথমো বিদাংকার ব্রহ্মেতি ॥ ৩ ॥

অনুবাদ। এবং যেহেতু তাঁদের মধ্যে ইন্দ্রই ব্রহ্মের সন্মুখে গমন করে সর্বপ্রথম ব্রহ্ম বলে জেনেছিলেন, অতএব তিনি ঐ অগ্ন্যাদি দেবগণ থেকেও উন্নততর।

